

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চৌগাছা, যশোর।
www.bbs.chougachha.jessore.gov.bd

স্মারক নং: ৫২.০১.৪১১১.০০১.০২.০১০.২৬-০৪৩

তারিখ:

১৭ চৈত্র ১৪৩৩

৩০ এপ্রিল ২০২৬

অফিস আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জেলা পরিসংখ্যান কার্যালয়, যশোর এর আওতাধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চৌগাছা এর সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে একটি উপজেলা কমিটি গঠন করা হলো:

ক্রমিক নং	নাম ও পদবি	কর্মস্থল	কমিটিতে পদবি
০১	মোঃ আবুল হোসেন উপপরিচালক(ভারপ্রাপ্ত)	জেলা পরিসংখ্যান কার্যালয়, যশোর।	টিম লিডার
০২	মোঃ মোয়াজ্জেম বিল্লাহ জুনিয়র পরিসংখ্যান সহকারী	উপজেলা পরিসংখ্যান কার্যালয় চৌগাছা, যশোর।	সদস্য
০৩	মোঃ আলিমুজ্জামান পরিসংখ্যান তদন্তকারী	উপজেলা পরিসংখ্যান কার্যালয় চৌগাছা, যশোর।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

০২। GPMS কমিটির কার্যপরিধি:

১. উর্ধ্বতন অফিসের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত ও নির্ধারিত সময়ের মধ্যে দাখিল নিশ্চিত করা।
২. অনুমোদিত কর্মসম্পাদন পরিকল্পনা অনুযায়ী বছরব্যাপী কার্যক্রম বাস্তবায়ন, সমন্বয় ও তদারকি করা।
৩. বাস্তবায়িত কার্যক্রমের প্রমাণক সংগ্রহ, সংরক্ষণ ও প্রয়োজন অনুযায়ী উপস্থাপনের ব্যবস্থা রাখা।
৪. কর্মসম্পাদন পরিকল্পনার কোনো কার্যক্রম বা লক্ষ্যমাত্রা সংশোধনের প্রয়োজন হলে যৌক্তিকতাসহ প্রস্তাব উর্ধ্বতন অফিসে প্রেরণ করা।
৫. ষাণ্মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন অফিসে প্রেরণ করা।
৬. বার্ষিক কর্মসম্পাদন অগ্রগতি মূল্যায়নের জন্য প্রয়োজনীয় তথ্য ও প্রমাণক প্রস্তুত রাখা।
৭. GPMS- সংক্রান্ত নির্দেশিকা, ক্যালেন্ডার ও উর্ধ্বতন অফিসের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করা।


মোঃ আবুল হোসেন

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা পরিসংখ্যান অফিস ও

অতিরিক্ত দায়িত্ব

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চৌগাছা, যশোর।

ফোন: ০২৪৭৭৭-৭১৫৬৮

ই-মেইল: usochaugachha@gmail.com

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ০১। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, যশোর;
- ০২। মোঃ আলিমুজ্জামান, পরিসংখ্যান তদন্তকারী, চৌগাছা, যশোর;
- ০৩। মোঃ মোয়াজ্জেম বিল্লাহ, জুনিয়র পরিসংখ্যান সহকারী, চৌগাছা, যশোর;
- ০৪। অফিস কপি।